উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভার আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক হতে শুরু করেছে।<br>তিনি আরো জানান যে, অদ্যাবধী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে কোন থোক বরাদ্দ পাওয়া যায়নি। তবে শীঘ্রই পাওয়া যাবে মর্মে তিনি আশা প্রকাশ করেন। ২০২৪-২০২৫অর্থ বছরের জন্যবার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহন করার জন্য ইতোমধ্যে বেশ কয়েকটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট হতে প্রাথমিক প্রস্তাবনা পাওয়া গিয়েছে। অবশিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে আগামী ৫/৭ দিনের মধ্যে প্রস্তাবনা দাখিলের জন্য বলা হলো এবং চলতি মাসের মধ্যে ২০২৪-২০২৫অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা চূড়ান্ত হবে মর্মে তিনি আশা প্রকাশ করেন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পূরবী গেজেটেড কোয়াটারের দ্বিতীয় তলার পূর্ব পার্শ্বের ইউনিটটি সহ সম্পূর্ণ সিড়িঘর এবং ছাদের বিনষ্ট Patent Stone (আংশিক) মেরামতের জন্য ১,৯৮,০৮৫.০০ (এক লক্ষ আটানব্বই হাজার পচাশি) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি খাত হতে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ গ্রহণের জন্য ইতোমধ্যে যে সকল ইউনিয়ন পরিষদ হতে প্রস্তাবনা পাওয়া গিয়েছে তাদের ধন্যবাদ এবং অবশিষ্ট ইউনিয়ন পরষিদের চেয়ারম্যানেগণকে দ্রুততার সহিত প্রস্তাবনা দাখিলের জন্য অনুরোধ করা হলো এবং পূরবী কোয়াটারের মেরামতের ব্যয় নির্বাহ করার জন্য পরিষদ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮,৭৭৬জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৭০ জন, ইমার্জেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ১৭৪৮ জন, নরমাল প্রসব সেবা ৫১ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৭২ টি, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেস্ট ৪৮০। আরবিএস ১৩৫। | হাসপাতালে আরও উন্নত ও সুশৃঙ্খল চিকিৎসা সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যও প.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত ১২.০৯.২০২৪ উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে বেসরকারি ও স্থানীয় দাতা সংস্থার অর্থায়নে UH & FWC (বাঘা, বুধবারীবাজার,লক্ষনাবন্দ, শরিফগঞ্জ) সমূহে স্বাভাবিক প্রসব সেবা প্রদানের জন্য নিয়োগকৃত Midwife (চুক্তিভিত্তিক) অপসারন প্রসঙ্গে সম্মানিত ইউএনও স্যারের সদয় দৃষ্টি কামনা করছি। | সংশ্লিষ্ট কর্মকর্তার আলোচিত বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের সেবা অক্ষুন্ন রাখার বিষয়টি অবশ্যই নিশ্চিত করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান রোপা আমন মৌসুমে ১১,৭১৬ হেক্টর জমিতে রোপা আমনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। অর্জিত হয়েছে ১১৬২২ হেক্টর। আগামী রবি মৌসুমকে কেন্দ্র করে গম ২০ জন, ভুট্টা ৩০ জন, সরিষা ৫৮০ জন, সূর্যমুখী ৪০ জন, চিনা বাদাম ২০ জন, পেয়াজ ১০ জন, মুগ ১০ জন ও অড়হড় ১০ জন সহ মোট ৭৩০ জন কৃষককে বীজ ও সার প্রনোদনা দেয়া হবে। এ ছাড়া প্রনোদনা কর্মসূচীর আওতায় বসতবাড়িতে সবজি চাষের জন্য ৪০০ জনকে শীতকালীন সবজি বীজ ও ৮০০ জনকে হাইব্রিড জাতের সবজি বীজ ও সার বিতরন করা হবে। ২০২৪-২৫ অর্থবছরে সরিষা ফসলের আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭২০ হেক্টর। এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কৃষকদের বীজ ও সার সহযোগিতা করা প্রয়োজন বিধায় উপজেলা পরিষদ তহবিল হতে ০২ টি প্রাক্কলন প্রস্তাব করছি। প্রাক্কলন-০১ বিভিন্ন ইউনিয়নের তৈল জাতীয় ফসলের সরিষা আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরন। প্রাক্কলন-০২ উপজেলায় আগত কৃষকদের মধ্যে কৃষি প্রনোদনা কার্যক্রম সহ বিভিন্ন প্রদর্শনীর বিতরন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কৃষক ওয়েটিং শেড নির্মান। | প্রকৃত কৃষকরা যাতে বীজ ও সার পাওয়া থেকে বঞ্চিত না হয় সে দিকে সু দৃষ্টি রাখার জন্য এবং প্রস্তাবিত প্রাক্কলন ০২ টি সরেজমিন পরিদর্শন পূর্বক ব্যবস্থ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ২০২৪ সালের সাম্প্রতিক বন্যায় যে সকল মৎস্যচাষী/খামারীর পুকুর পানিতে ভেসে যাওয়ায় ক্ষতিগ্রস্থ হয়েছেন তাদের তালিকা আগামী ৩০/১০/২৪ তারিখের মধ্যে তালিকা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়। এই জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্যচাষীদের তালিকা আগামী ৩০/১০/২০২৪ তারিখের মধ্যে উপজেলা মৎস্য অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসের কৃত্রিম প্রজনন ১৮৫ টি, টিকা সম্প্রসারন ৯০১, গবাদি পশুর চিকিৎসা ২০৭৭,হাঁস মুরগীর টিকা প্রদান ১২৬২৬ টি, পোষা প্রাণীর চিকিৎসা ৯ টি,ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্পেইন ০১ টি। উঠান বৈঠক ৬ টি। তাছাড়া বিগত বছরের ন্যায় এলএসডি ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন এর জন্য উপজেলা পরিষদ থেকে | নিয়মিত কার্যক্রম গুলো চালিয়ে যাওয়া এবং এলএসডি ভ্যাক্সিনেশন | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বরাদ্দ প্রদান করার অনুরোধ জানানো হয়। | ক্যাম্পেইন কার্যক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, আসন্ন দুর্গাপুজা উপলক্ষে গোলাপগঞ্জ উপজেলায় সার্বজনীন ৫৭ টি এবং ব্যক্তিগত ৩ টি সহ মোট ৬০ টি পূজা মন্ডপের তালিকা পাওয়া গেছে। আগামী ২৫/০৯/২০২৪ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠু ভাবে পূজা উদযাপনের নিমিত্তে ২৫/০৯/২০২৪ প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ওয়াস ব্লকের কাজ ২১ টি বিদ্যালয়ে ৭০% হতে ৯০% সম্পন্ন হয়েছে। বর্তমানে কাজ সমাপ্ত না হওয়ায় ছাত্র/ছাত্রীদের অন্যত্র গিয়ে বাথরুম করতে হচ্ছে। তাই দ্রুত কাজ সমাপ্ত করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তাকে অনুরোধ করা হলো। এ ছাড়া ১ টি বিদ্যালয় দীর্ঘ ৩ বৎসর যাবৎ বন্ধ রয়েছে। | ওয়াস ব্লকের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বনবিভাগ থেকে প্রদত্ত ১০ টি করে ফলজ চারাগাছ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রদান করা এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ইভটিজিং সংক্রান্ত কমিটি গুলোকে সক্রিয় করার প্রস্তাব উপস্থাপন করেন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ১০ টি করে ফলজ ও বনজ চারাগাছ প্রদানের এবং প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে ইভটিজিং বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৩০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থায় পুন:নির্মানের জরুরী সহায়তা প্রদানের আওতায় ২২০ টি গভীর নলকূপ ২ টি পাবলিক টয়লেট এবং২০ টি বন্যায় ক্ষতিগ্রস্থ নলকূপ মেরামত/ স্থাপন ইউনিয়নওয়ারী বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দের স্থান নির্বাচন তালিকা দ্রুত প্রদান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থায় বরাদ্দকৃত নলকূপ এবং পাবলিক টয়লেট এর তালিকা দ্রুত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৩/ ৩১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পেরোল প্রেরণের প্রক্রিয়া শুরু হয়েছে। এ ব্যাপারে সম্মানিত সকল ইউপি চেয়ারম্যানগণের বিশেষ দৃষ্টি আকর্ষন করছি। ইতোমধ্যে যেসব ভাতাভোগী মৃত্যুবরন করেছেন, স্থানান্তর হয়েছেন; বিধবা ভাতাভোগী যারা পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন; সেসব উপকারভোগীর ভাতা প্রতিস্থাপনের জন্য দ্রুত তাদের তালিকা ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ সমাজসেবা কার্যালয়ে ১০/১০/২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।এ বিষয়ে সকল চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। | ইউনিয়ন কমিটির রেজুলেশন সহ তালিকা আগামী ১০/১০/২৪ তারিখের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলা যুব উন্নয়ন অফিসে মাঠ পর্যায়ে কাজ করার জন্য সহকারী সেপ্টেম্বর/২৪ মাসে যোগদান করেছেন। ফলে মাঠ পর্যায়ে কাজের গতি বেগবান হবে। চলমান বৎসরে ৪০ জন খামারীকে বায়োগ্যাস প্লান্ট স্থাপন প্রশিক্ষন করানো হবে। যারা পরবর্তীতে প্লান্ট স্থাপন করতে ইচ্ছুক এই প্রশিক্ষনটি আগামী অক্টোবর'২৪ মাস থেকে ২ ব্যাচে ৪০ জনকে প্রশিক্ষন দেয়া হবে এবং প্রশিক্ষিতদের মধ্যে যারা প্লান্ট করতে ইচ্ছুক তাদের স্বল্প সার্ভিস চার্জে ২ বৎসর মেয়াদী বায়োগ্যাস প্লান্ট ঋণ দেয়ার সুযোগ রয়েছে। | খামারীদের বায়োগ্যাস প্লান্ট স্থাপন প্রশিক্ষন কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে মোট ঋণ বিতরন ৭.২৮ লক্ষ টাকা এবং ঋণ আদায় ১১.৪০ লক্ষ টাকা। | উপকারভোগীদের ঋণ আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাস পর্যন্ত ৩০ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে। সিডিডিপি প্রকল্পের আওতায় ০২ মাস ড্রাপী ড্রাইভিং বিষয়ক প্রশিক্ষন কার্যক্রম চলমান আছে এবং সমিতি পরিদর্শন হয়েছে ০৫ টি সমবায় সমিতির। | সমবায় সমিতির অডিট কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, ওএমএস কার্যক্রম চলমান, প্রতিদিন বিক্রয় দিবসে ১ মে.টন চাল এবং ১ মে.টন আটা ২ টি কেন্দ্রে বিক্রয় করা হয়। সেপ্টেম্বর/২৪ মাস হতে খাদ্য বান্ধব খাতে বিক্রয় শুরু হয়েছে। মাথাপিছু ৩০ কেজি। প্রতি কেজি চালে বিক্রয় মূল্য ১৫ টাকা।গোলাপগঞ্জ উপজেলায় ১১ টি ইউনিয়নে অনুমোদিত আপলোড ভোক্তার সংখ্যা ২২৯৪ জন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ চক্রের জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর, ২০২৪ ০৩ (তিন) মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) প্রদান করা হয়েছে। প্রত্যেক মাসের বিতরন ভিন্ন ভিন্ন তারিখে করতে হবে এবং ট্যাগ অফিসার এর উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা যাচ্ছে।মা ও শিশু সহায়তা কর্মসূচির মাসিক বরাদ্দের সংখ্যা নির্ধারন পূর্বক অদ্যাবধি কোন নির্দেশনা পত্র আসেনি। বরাদ্দ প্রাপ্ত হওয়ার সাথে সাথেই ইউনিয়ন পর্যায়ে পত্র দেয়া হবে। তবে আবেদনপত্র বাছাইয়ে মহিলার নিজ নামে মোবাইল সিম রেজিষ্ট্রেশন ও নিজ নামে ব্যাংক/ মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর যাতে অবশ্যই থাকে সে ব্যাপারে সতর্কতা অবলম্বন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মা ও শিশু সহায়তা কর্মসূচি কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | থাকবেন। | |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বকেয়া বিদ্যুৎবিল পরিশোধের ব্যাপারে সকলকে অনুরোধ জানান; ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা তৈরির ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সঠিক সময়ে বিদ্যুৎবিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, আগষ্ট মাসের ঋণ বিতরন ৬৫.১০ লক্ষ টাকা, ঋণ আদায় ৫৩.৮০ লক্ষ টাকা, সঞ্চয় বাবদ আদায় ৪.৩৭ লক্ষ টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, আগষ্ট/২৪ মাস পর্যন্ত ঋণ বিতরন ৩০ লক্ষ ৪৫ হাজার টাকা, ঋণ আদায় ২৪ লক্ষ ৫০ হাজার টাকা। হার ৯৭%। সুফল ভোগীদের সঞ্চয় জমার পরিমান ৮৫ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।তিনি প্রতি সপ্তাহে সোমবার গোলাপগঞ্জ অফিস করবেন। | সপ্তাহের প্রতি সোমবার গোলাপগঞ্জ অফিস করার সিদ্ধান্ত হয়। এবং ঢাকাদক্ষিনে বিএডিসি (সেচ) অফিসটি ইউএনও মহোদয় পরিদর্শন করবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২২ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, অর্থনৈতিক শুমারী ২০২৪ এর দ্বিতীয় জোনাল অপারেশনে জোনাল অফিসারগণ তাদের জন্য নির্ধারিত এলাকার জিও কোড তালিকা সংশোধন পূর্বক নবায়ন, মৌজা বা গ্রাম/ মহল্লার গণনা এলাকা ম্যাপ বাস্তব আলামত সহ সংশোধন, গণনা এলাকার সীমানা চিহ্নিতকরন কার্যক্রম ১৯ সেপ্টেম্বর ২০২৪ থেকে ২৫ সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত চলমান থাকবে। | গণনা এলাকার সীমানা চিহ্নিতকরন চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরিসংখ্যান কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ পরিসংখ্যান কর্মকর্তা / সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২৩ | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি সভায় জানান ক) পুরকায়স্থাবাজার উন্নয়নে বিগত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখে প্রকল্প গ্রহন করে উপজেলা পরিষদে রেজুলেশন করা হয়। তিনি উক্ত প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব সভায় উত্তাপন করেন। খ) প্রাথমিক বিদ্যালয় গুলোতে ওয়াশব্লকের কাজ দীর্ঘদিন থেকে বন্ধ রয়েছে। দ্রুত বাস্তবায়নের প্রস্তাব উত্তাপন করেন গ) ইউনিয়ন পর্যায়ে হাসপাতালে নরমাল ডেলিভারী বন্ধের চিঠি ইস্যু করায় গর্ভবতী নারীরা বিপাকে পড়েছেন। নরমাল ডেলিভারী চালুর প্রস্তাব উত্তাপন করেন। | ক)সংশ্লিষ্ট বিষয়টি নিরীক্ষাক্রমে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের জন্য উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবকে অনুরোধ করা হয়। খ),গ) সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামী সভায় অবহিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিসার/ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | বিবিধ | ক) সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপ গাড়ি নং (সিলেট -ক- ৫১১৯) সহকারী পরিচালক বিআরটিএ কর্তৃক স্মারক নং২৩-৮৪৯ ও তারিখ: ০৬/০৬/২০২৩ পরিদর্শন প্রতিবেদনে মোটরযানটি মেরামত না করে অকেজো ঘোষনা করা যেতে পারে মর্মে উল্লেখ করা হয়।<br>খ) উপজেলা পরিষদের দরজা সরবরাহ বাবদ ২৫০০০/-,আসবাবপত্র মেরামত বাবদ ২৫০০০/-,ডেঙ্গুর উপদ্রব বৃদ্ধির জন্য পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪৭৫০/- এবং যন্ত্রপাতি মেরামত বাবদ ২৫০০০/- এবংমোটর সাইকেল মেরামত বাবদ ৩৭৮০০/- বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ক) আলোচনান্তে উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপ গাড়ি নং (সিলেট -ক- ৫১১৯) সহকারী পরিচালক বিআরটিএ কর্তৃক পরিদর্শন প্রতিবেদনের নিমিত্ত অকেজো ঘোষনার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। খ) উপজেলা পরিষদের দরজা সরবরাহ বাবদ ২৫০০০/- ,আসবাবপত্র মেরামত বাবদ ২৫০০০/-, | ক)প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী পরিচালক বিআরটিএ, সিলেট সার্কেল খ) প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪৭৫০/- এবং যন্ত্রপাতি মেরামত বাবদ ২৫০০০/- , মোটর সাইকেল মেরামত বাবদ ৩৭৮০০/- বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | | জনাব আব্দুল কাদির, অফিস সহায়কের অনুকূলে জুলাই/২৪ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৬৩ তাং১/৮/২৪।জনাব আব্দুল সোবহান,পরিচ্ছন্নতাকর্মী ও ফাহিমা বেগম, মালীর জুলাই/২৪ মাসের মজুরী বাবদ ১২১০০/-+১২১০০/- চেক প্রদান চেক নং৮৪০৪৯৬৭-৮ তাং১০/৮/২৪।রাহের আহমদ এর অনুকূলে জুলাই/২৪ মাসের ইন্টারনেট বিল বাবদ ১২০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৬৯ তাং১৫/৮/২৪।জনাব রাজন পালের অনুকূলে জুলাই/২৪মাসের আনুসংগিক বিল বাবদ ৫০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৭০ তাং১৫/৮/২৪।জনাব রাহেল আহমদ এর অনুকূলে সিসি ক্যামেরা ও যন্ত্রপাতি ক্রয় বাবদ ৭৫০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৭১ তাং ২৯/৮/২৪। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবং সততা ও নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে উন্নত সমৃদ্ধ দেশ গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

আলী রাজিব মাহমুদ মিঠুন
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

CamScanner

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১১১৩ তারিখঃ ২৩/০৯/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা---------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

২৬.০৯.২৪

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান,০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৮ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |

CamScanner